

26

ঢাকা ভাসিটি শিক্ষকদের যৌথ প্রতিবাদ মিছিল

‘প্রয়োজনে প্রাণ দিয়া হইলেও অধ্যাদেশ প্রতিহত করিব’

(ইত্তেফাক রিপোর্ট)
শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কিত নয়া
অধ্যাদেশ বাতিল এবং অবিলম্বে
ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার
দাবীতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক
সমিতি গতকাল (রবিবার) মৌন

প্রতিবাদ মিছিল বাহির করে।
মিছিলটি অপরাহ্নেয় বাংলার পাদ-
দেশ হইতে শুরু হইয়া জাতীয়
প্রেসক্লাবে পৌছার পর এক সংক্ষিপ্ত
সভায় শিক্ষক নেতৃবৃন্দ বলেন,
(২য় পৃ: ডঃ)

প্রয়োজনে প্রাণ দিয়া

(১ম পৃ: পর)

দেশের শিক্ষা ব্যবস্থা আজ বিপ-
র্ষয়ের সম্মুখীন। শিক্ষা প্রতিষ্ঠান
সম্পর্কিত নয়া অধ্যাদেশ জারি
করিয়া ছাত্র-জনতার রক্তের বিনি-
ময়ে অজিত বিশ্ববিদ্যালয় অধ্যা-
দেশ ৭৩-এর অধিকারকে খর্ব
করা হইয়াছে। সভাই বলা হয়,
অবিলম্বে নয়া অধ্যাদেশ বাতিল
করা না হইলে শিক্ষক সমাজ
প্রয়োজনে প্রাণদিয়া হইলেও ইহা
প্রতিহত করিবে।

শিক্ষক সমিতির সভাপতি
প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ ও
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নুরুল
আমিন ব্যাপারী সভায় বক্তৃতা
করেন।

সভায় প্রফেসর ইয়াজউদ্দিন
আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়
খোলা অথবা বন্ধ রাখার সিদ্ধান্ত
নিতে পারে একমাত্র সিঙিকোট।
অথচ সিঙিকোটকে পাশ কাটাইয়া
নয়া অধ্যাদেশের মাধ্যমে বিশ্ব-
বিদ্যালয় বন্ধ ঘোষণা করা হইয়াছে।
চলমান গণতান্ত্রিক আন্দোলনের
প্রতি একান্ত প্রকাশ করিয়া
আজ (সোমবার) কেন্দ্রীয় শহীদ
মিনারে সর্বদলীয় ছাত্র ঐক্য
আহত ছাত্র-শিক্ষক-অভিভাবক
সমাবেশে শিক্ষকদের যোগদান
করার আহ্বান জানানো হয়।

গতকাল শিক্ষকদের প্রতিবাদ
মিছিলে প্রফেসর সিরাজুল ইসলাম
চৌধুরী, প্রফেসর কে, এ এম
সাদউদ্দিন, প্রফেসর আনোয়ার
উল্লাহ চৌধুরী, প্রফেসর মকসুদ
আলী, প্রফেসর আমিনুল ইসলাম
(দর্শন), প্রফেসর এম আমিনুল
ইসলাম (ভূগোল), প্রফেসর ম,
আখতারুজ্জামান, প্রফেসর আব্দুল
মামান চৌধুরী, প্রফেসর মশিহ-
জ্জামান, ডঃ রফিকুল সেন,
প্রফেসর আবুল কালাম আজাদ
(ফার্মেসী), সহ প্রায় দেড়শ শিক্ষক

অংশ নেন।

সর্বদলীয় ছাত্র ঐক্য

একই দাবীতে সর্বদলীয় ছাত্র-
ঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা
গতকাল ভিসি প্রফেসর মনিরু-
জ্জামান মিঞার নিকট স্মারক-
লিপি পেশ করে। স্মারকলিপিতে
বিশ্ববিদ্যালয় বন্ধের ঘোষণায়
ক্ষোভ প্রকাশ করিয়া বলা হয়,
এই ঘোষণা বিশ্ববিদ্যালয় অধ্যা-
দেশ ৭৩ এর সুস্পষ্ট লংঘন।
স্মারকলিপিতে শিক্ষা প্রতিষ্ঠান
সম্পর্কিত নয়া অধ্যাদেশে বলা
হয়, দেশের স্বার্থে এই অধ্যা-
দেশ বাতিল এবং ঢাকা বিশ্ববিদ্যা-
লয় খুলিয়া দেওয়ার দাবী করা
হইয়াছে।

প্রশাসনিক ভবনে স্মারকলিপি
গ্রহণ করিয়া ছাত্রদের উদ্দেশে
ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা
বলেন, ‘আমি-মিগ্রস প্রতিশ্রুতিতে
বিশ্বাস করি না। সিঙিকোটের
সম্মতি ছাড়া সরকার বিশ্ববিদ্যালয়
বন্ধ ঘোষণার পর আমি প্রতিবাদ
করিয়াছি। আমি মনে করি শিক্ষা
প্রতিষ্ঠান সম্পর্কিত নয়া অধ্যাদেশ
বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ৭৩-এর
পরিপন্থী। ভিসি ছাত্রদেরকে বিভ্রান্ত
না হওয়ার আহ্বান জানান।
প্রশাসনিক ভবনে স্মারকলিপি
পেশকালে সর্বদলীয় ছাত্র ঐক্য
এক সংক্ষিপ্ত সভার আয়োজন
করে। সভায় ছাত্রলীগ (হা-অ)
নেতা কামরুজ্জামান আনসারী,
ছাত্রদলের গৌতম মিত্র, জাতীয়
ছাত্রলীগের পংকজ নাথ বক্তৃতা-
কালে শিক্ষা প্রতিষ্ঠান সম্প-
র্কিত নয়া অধ্যাদেশের প্রতি-
বাদ স্বরূপ ২/১ দিনের মধ্যে
কেন্দ্রীয় লাইব্রেরী ও বিভিন্ন রুটে
বিশ্ববিদ্যালয়ের বাস চালুর ঘোষণা
দেওয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃ-
পক্ষের প্রতি আহ্বান জানান।
সভায় শনিবার সন্ধ্যায় টি,এম,সি
ক্যাম্পাসে পুলিশের হামলা ও
গ্রেফতারের ঘটনায় নিন্দা ও ক্ষোভ
প্রকাশ করিয়া হরতালে আটক
ছাত্রনেতা বজলুর রশিদ ফিরোজ,
বেলালের মুক্তি দাবী করা হয়।